

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
<http://www.dwa.gov.bd>

মহিলা বিষয়ক অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ বাস্তবায়নের লক্ষ্যে ১ম কোয়ার্টারের (জুলাই - সেপ্টেম্বর), ২০২৪
নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	কেয়া খান মহাপরিচালক (গ্রেড-১)
সভার তারিখ	২৫/০৭/২০২৪
সভার সময়	বেলা ১২:৩০
স্থান	সম্মেলন কক্ষ, দ্বিতীয় তলা, কক্ষ নং-২০৭, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার আলোচনা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যসচিব উপপরিচালক (প্রশিক্ষণ) মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০২৪-২০২৫ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টারের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন) ২০২৪ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে সদস্য সচিবকে অবহিত করতে বলা হয়। গত সভার গৃহিত ০৪(চার) টি সিদ্ধান্ত যথসময়ে বাস্তবায়ন হয়েছে যা ২০২৩-২০২৪ অর্থবছরের সর্বশেষ সিদ্ধান্ত বলে সদস্য সচিব সভায় সকলকে অবহিত করেন।	আগামীতে এ বিষয়ে তৎপর থাকতে হবে	সংশ্লিষ্ট সকল
২।	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	সভায় সদস্যসচিব জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যেই ২০২৪-২০২৫ এর কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কর্মপরিকল্পনার ১.৩নং কার্যক্রমে প্রতিকোয়ার্টারে ০১ট করে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা করার নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে(জুলাই-সেপ্টেম্বর)২০২৪ ১মকোয়ার্টারের অংশীজন সভা সদর কার্যালয়ে করা যেতে পারে।	বিস্তারিত আলোচনান্তে ১ম কোয়ার্টার(জুলাই-সেপ্টেম্বর) ২০২৪ এর অংশীজন সভা সদর কার্যালয়ে ভিডিলিউবি কার্যক্রমের সাথে সম্পৃক্ত এনজিও এবং অন্যান্যদের সমন্বয়ে করার জন্য সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহিত হয়।	ফোকাল পয়েন্ট, শুদ্ধাচার নৈতিকতা কমিটি এবং সংশ্লিষ্ট উপপরিচালকগণ

৩।	অন্যান্য	সভায় সদস্যসচিব জানান যে, প্রশিক্ষণ শাখায় প্রতিনিয়ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে। কিন্তু প্রশিক্ষণার্থীদের জন্য পানির ফিল্টার না থাকায় বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা খুবই সমস্যা হয়। প্রশিক্ষণার্থীদের জন্য বিশুদ্ধ পানির একটি ফিল্টার স্থাপন করা প্রয়োজন।	প্রশিক্ষণ শাখার ৫ম তলায় একটি বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	উপপরিচালক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট শূদ্ধাচার নৈতিকতা কমিটি
----	----------	--	---	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৫-০৮-২০২৪

কেয়া খান

মহাপরিচালক (গ্রেড-১)

০২-৪৮৩১৯১৪৯

dwadhaka@gmail.com

৩১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ১৫ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৩২.০১.০০০০.০০৬.০৬.০০১.২৩.৩৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতি: সচিব), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর;
- ২। অতিরিক্ত পরিচালক, অতিঃ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর;
- ৩। উপপরিচালক (ম্যাজিস্ট্রেট), উপ-পরিচালক (ম্যাজিস্ট্র), ঢাকা বিভাগীয় কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর;
- ৪। উপ পরিচালক, উপ পরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর এবং
- ৫। উপ পরিচালক, উপ-পরিচালক (পরীঃ ও মূল্যায়ন), মহিলা বিষয়ক অধিদপ্তর।




১৮-০৮-২০২৪

রেজিনা আরজু লাভলী

উপ পরিচালক (চলতি দায়িত্ব)